গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

জিওবি অর্থায়নে গৃহীত বাংলাদেশ সেনাবাহিনীর মাধ্যমে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ডিসেম্বর ২০১৯ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ নজরুল ইসলাম সচিব
সভার তারিখ	২৬ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ
সভার সময়	সকাল ১০:০০ ঘটিকা
স্থান	ভবন নং-৭, কক্ষ নং ৮২১, বাংলাদেশ সচিবালয়
উপস্থিতি	...

২. উপস্থাপনাঃ
সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাকে অবহিত করা হয় যে, সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক গৃহীত প্রকল্পসমূহের মধ্যে ১১টি প্রকল্প বাংলাদেশ সেনাবাহিনীর কনষ্ট্রাকশন ব্রিগেড ২৪ ও ৩৪ কর্তৃক বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পসমূহের অনুকূলে ২০১৯-২০২০ অর্থবছরে এডিপিতে ১৩৪৭.৮৯ কোটি টাকা বরাদ্দ আছে, যা এ বিভাগের এডিপি বরাদ্দের ৫.৪৫%। ডিসেম্বর ২০১৯ পর্যন্ত ৬৬৮.৯৫ কোটি টাকা (৫০%) ছাড় করে ৩৯৮.০৭ কোটি টাকা ব্যয় করা হয়েছে। বরাদ্দের তুলনায় ব্যয়ের হার ২৯.৫৩%।

৩. আলোচনা ও সিদ্ধান্তঃ
চলমান, নতুন অনুমোদিত এবং প্রস্তাবিত প্রকল্পের বাস্তবায়ন/প্রক্রিয়াকরণ অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনাক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় :

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১ ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পাঁচ্চর-ভাঙ্গা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪-লেন উন্নয়ন প্রকল্পের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ মেয়াদ: (১/০৯/১৮-৩০/৬/২০)	সভায় অবহিত করা হয় যে, গত ০৮/০১/২০২০ তারিখে ১১নং স্মারকের মাধ্যমে এ প্রকল্পে অতিরিক্ত ২১৯৯ কোটি টাকা বরাদ্দ প্রদানের জন্য এ বিভাগ হতে একটি ডি.ও. পত্র মাননীয় পরিকল্পনা মন্ত্রী বরাবর প্রেরণ করা হয়েছে। সেনাবাহিনীর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, বঙ্গবন্ধুর জন্ম শতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে ১৭ মার্চ ২০২০ এ এক্সপ্রেসওয়ে সর্বসাধারণের ব্যবহারের জন্য উন্মুক্ত করা হবে। প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম দ্রুত গতিতে এগিয়ে চলছে। আরএডিপিতে অতিরিক্ত অর্থ বরাদ্দ নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হয়। তবে, ফুট ওভার ব্রীজ নির্মাণসহ অন্যান্য ফিনিসিং কাজের জন্য অতিরিক্ত সময়ের প্রয়োজন হবে। সময় বৃদ্ধিসহ ডিপিপি সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সভায় প্রকল্পের পিআইসি ও পিএসসি সভায় ডিটিসিএ এর প্রতিনিধি অন্তর্ভুক্ত করার নির্দেশনা প্রদান করা হয়।	ক) আরএডিপিতে এ প্রকল্পের অনুকূলে অতিরিক্ত অর্থ বরাদ্দের প্রস্তাব করতে হবে। খ) গুরুত্বপূর্ণ স্থানসমূহে ফুটওভার ব্রীজ নির্মাণ, বাস-বে এর অবস্থান ও টোল প্লাজার বিষয়সমূহ চূড়ান্তকরণের নিমিত্তি পিআইসি সভায় মতামত গ্রহণ করতে হবে। গ) পিআইসি ও পিএসসি সভায় ডিটিসিএ এর প্রতিনিধি অন্তর্ভুক্ত করতে হবে।	পরিকল্পনা উইং, ২৪ কনষ্ট্রাকশন ব্রিগেড ও সওজ অধিদপ্তর

৩.২ আলীকদম-জ্বালানীপাড়া-করুকপাতা-পোয়ামুহুরী সড়ক নির্মাণ প্রকল্প মেয়াদ: (১/১/১৭-৩০/৬/২১)	সভায় অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে জিওবি বাবদ বরাদ্দকৃত ৩৪.৪৭ কোটি টাকার অতিরিক্ত ১০.০০ কোটি টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রকল্পের ভৌত কার্যক্রম চলমান থাকলেও এ অর্থবছরে এখন পর্যন্ত কোন ব্যয় করা হয়নি। আইএমইডি ফরম-০৫ যথাযথভাবে পূরণ করে এ বিভাগে প্রেরণ করার নির্দেশনা দেয়া হয়।	ক) নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী আর্থিক ব্যয় নিশ্চিত করতে হবে। খ) আইএমইডি ফরম-০৫ যথাযথভাবে পূরণ করে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।	৩৪ কনস্ট্রাকশন ব্রিগেড ও সওজ অধিদপ্তর
৩.৩ বগাছড়ি-ননিয়ারচর-লংগদু সড়কের ১০ম কি:মি: এ চেংগী নদীর উপর ৫০০.০০ মিটার দীর্ঘ সেতু নির্মাণ মেয়াদ: (১/১১/১৬-৩০/০৬/২০)	সেনাবাহিনীর প্রতিনিধি অবহিত করেন যে, ৩য় এবং ৪র্থ কিস্তির চেক সংগ্রহের জন্য প্রাধিকার পত্র গত ২২ ডিসেম্বর ২০১৯ তারিখে নির্বাহী প্রকৌশলী, সওজ, রাঙ্গামাটি সড়ক বিভাগ বরাবর প্রেরণ করা হয়েছে। প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক রয়েছে।	প্রয়োজনীয় অর্থছাড় নিশ্চিত করে প্রকল্পের আর্থিক অগ্রগতি ত্বরান্বিত করতে হবে।	৩৪ কনস্ট্রাকশন ব্রিগেড
৩.৪ সিলেট শহর বাইপাস-গ্যারিসন লিংক টু শাহ পরাণ সেতু ঘাট সড়ক ৪ লেন মহাসড়ক উন্নয়ন মেয়াদ: (১/৪/১৭- ৩০/০৬/২০)	সভায় জানানো হয় যে, প্রকল্পের কার্যক্রম নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী চলমান রয়েছে এবং নির্ধারিত সময়ে প্রকল্পটির কাজ সমাপ্ত করা সম্ভব হবে। আরএডিপি'তে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়।	ক) গুনগতমান বজায় রেখে নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ সমাপ্ত করতে হবে। খ) আরএডিপি'তে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ নিশ্চিত করার জন্য যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে।	২৪ কনস্ট্রাকশন ব্রিগেড ও প্রকল্প পরিচালক
৩.৫ থানচি-রিমাকরি-মদক-লিকরি সড়ক নির্মাণ প্রকল্প মেয়াদ: (১/১/১৭-৩০/৬/২০)	সেনাবাহিনীর প্রতিনিধি জানান যে, এ প্রকল্পের অনুকূলে জিওবি বাবদ বরাদ্দকৃত ১২০.০০ কোটি টাকার অতিরিক্ত ১০.০০ কোটি টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। গুনগত মান অক্ষুন্ন রেখে প্রকল্পটি নির্ধারিত সময়ে সম্পন্নের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতির তথ্য নির্ধারিত ফর্ম অনুসারে পূরণ করে এ বিভাগে প্রেরণ করার জন্য পরামর্শ দেয়া হয়।	ক) নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী আর্থিক ব্যয় নিশ্চিতকরত: নির্ধারিত সময়ে প্রকল্পটি সমাপ্ত করতে হবে। খ) আইএমইডি ফরম-০৫ যথাযথভাবে পূরণ করে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।	৩৪ কনস্ট্রাকশন ব্রিগেড ও প্রকল্প পরিচালক
৩.৬ মিরপুর ডিওএইচএস গেট-২ হতে মিরপুর-১২ বাসস্ট্যান্ড পর্যন্ত মহাসড়ক প্রশস্তকরণ ও উন্নয়ন প্রকল্প মেয়াদ: (১/৭/১৭- ৩১/১২/১৯)	সভায় অবহিত করা হয় যে, মিরপুর ডিওএইচএস গেইট-২ হতে মিরপুর-১২ বাসষ্ট্যান্ড পর্যন্ত মহাসড়ক প্রশস্তকরণ ও উন্নয়ন প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে পিসিআর তৈরির কাজ চলমান রয়েছে।	নির্ধারিত সময়ে এ বিভাগে পিসিআর দাখিল নিশ্চিত করতে হবে।	২৪ কনস্ট্রাকশন ব্রিগেড ও প্রকল্প পরিচালক
৩.৭ সীমান্ত সড়ক (রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা) নির্মাণ (১ম পর্যায়) মেয়াদ: (১/১/১৮- ৩০/৬/২১)	সেনাবাহিনীর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, আরডিপিপি প্রস্তুতের জন্য বাস্তবসম্মত দর নির্ধারণের নিমিত্ত মন্ত্রণালয় কর্তৃক একটি পর্ষদ গঠন করা হয়েছে। উক্ত পর্ষদের কার্যবিবরণী প্রাপ্তি সাপেক্ষে প্রকল্পের আরডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। সীমান্তবর্তী রিমোট এক্সেস পয়েন্টে সচিব মহোদয়সহ পরিদর্শন কমিটিকে পরিদর্শনের অনুরোধ জানানো হয়।	কমিটি জরুরী ভিত্তিতে সরেজমিন পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করবে।	৩৪ কনস্ট্রাকশন ব্রিগেড, প্রধান প্রকৌশলী, সওজ ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী, চট্টগ্রাম জোন

৩.৮ কেরানীরহাট-বান্দরবান জাতীয় মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততা ও উচ্চতায় উন্নীতকরণ মেয়াদ: (১/৭/১৮- ৩০/৬/২১)	সভায় অবহিত করা হয় যে, ব্যয় খাত সংশোধনের প্রস্তাব এ বিভাগে প্রেরণ করা হয়েছে। IBAS এ অর্থ ছাড় সংক্রান্ত তথ্যের সংশোধন প্রয়োজন রয়েছে।	ক) ব্যয় খাত সংশোধনের প্রস্তাব প্রক্রিয়াকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ক) IBAS এ অর্থ ছাড় সংক্রান্ত তথ্য সংশোধনে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড ও প্রকল্প পরিচালক
৩.৯ রাজউক পূর্বাচল ৩০০ ফুট মহাসড়ক হতে মাদানী এভিনিউ-সিলেট মহাসড়ক পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ মেয়াদ: (১/৭/১৮- ৩১/১২/২০)	সভায় অবহিত করা হয় যে, ইতোমধ্যে গঠিত কমিটি প্রকল্প এলাকা পরিদর্শন করেছেন। নির্মিতব্য ব্রীজের পিয়ারের ডিজাইন পরিবর্তন হতে পারে। সেনাবাহিনীর প্রতিনিধি জানান যে, সয়েল ইম্প্রুভমেন্টের কারণে প্রকল্পের ব্যয় বৃদ্ধি পেতে পারে এবং বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধির প্রয়োজন রয়েছে। অতি শীঘ্রই এ সংক্রান্ত পিআইসি ও পিএসসি সভার আয়োজন করা হবে।	ক) ব্রীজ এর ডিজাইন পরিবর্তনের বিষয়টি নিশ্চিত করার পূর্বে সওজ অধিদপ্তরের মতামত গ্রহণ করতে হবে। খ) ডিপিপি সংশোধনের পূর্বে পিআইসি ও পিএসসি সভা আয়োজন করতে হবে।	২৪ কনষ্ট্রাকশন ব্রিগেড ও প্রকল্প পরিচালক
৩.১০ ঢাকা-এয়ারপোর্ট মহাসড়কে শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল এবং কলেজ এর নিকট পথচারী আন্ডারপাস নির্মাণ মেয়াদ: (১/১/১৮- ৩০/০৬/২০)	সেনাবাহিনীর প্রতিনিধি জানান যে, প্রকল্পের মেয়াদ জুন ২০২০ পর্যন্ত নির্ধারিত থাকলেও প্রকল্পের কাজ পূর্বেই সম্পন্নপূর্বক আগামী মার্চ ২০২০ মাসে মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে প্রকল্পটির শুভ উদ্বোধন করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। প্রকল্পের সমুদয় কাজ সম্পন্নপূর্বক প্রয়োজনীয় পিসিআর দাখিল করা হবে।	আনুষ্ঠানিকভাবে মার্চ ২০২০ এ মুজিব শতবর্ষ উপলক্ষ্যে প্রকল্পটির উদ্বোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সওজ অধিদপ্তর ও ২৪ কনষ্ট্রাকশন ব্রিগেড
৩.১১ মহালছড়ি-সিন্দুকছড়ি-জালিয়াপাড়া সড়ক পুনঃনির্মাণ ২য় পর্যায় মেয়াদ: (১/১২/১৮- ৩১/১২/২১)	সভায় অবহিত করা হয় যে, প্রকল্পটির অনুকূলে এ অর্থ বছরে ১০ কোটি টাকা বরাদ্দ থাকলেও এখন পর্যন্ত কোন ব্যয় করা হয়নি। সেনাবাহিনীর প্রতিনিধি জানান যে, IBAS সিস্টেমে কোড সংক্রান্ত জটিলতার কারণে অর্থছাড় ও ব্যয় করা সম্ভব হচ্ছে না। IBAS সমস্যা সমাধানের নিমিত্ত এ বিভাগের জিএফডিপি শাখার সাথে সমন্বয় করে অর্থছাড় প্রক্রিয়া ত্বরান্বিত করার নির্দেশনা প্রদান করা হয়।	IBAS সমস্যা সমাধানের নিমিত্ত এ বিভাগের জিএফডিপি শাখার সাথে সমন্বয় করে অর্থছাড় প্রক্রিয়া ত্বরান্বিত করতে হবে।	৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড ও প্রকল্প পরিচালক
৪.০ নতুন অননুমোদিত প্রক্রিয়াধীন প্রকল্প			
৪.১ কক্সবাজার-টেকনাফ মেরিন ড্রাইভ (২৩ কিলোমিটার) প্রশস্তকরণ ও ৬ কিলোমিটার পুন:নির্মাণ	সেনাবাহিনীর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, জেলা প্রশাসক, কক্সবাজার কর্তৃক ভূমি অধিগ্রহনের প্রাক্কলন তৈরীর কাজ চলামন রয়েছে। ভূমি অধিগ্রহণের প্রাক্কলন প্রাপ্তি স্বাপেক্ষে ডিপিপি'তে অন্তর্ভুক্ত করে পুনর্গঠিত ডিপিপি প্রেরণ করা হবে।	ভূমি অধিগ্রহণের প্রাক্কলন প্রাপ্তি স্বাপেক্ষে ডিপিপি'তে অন্তর্ভুক্ত করে পুনর্গঠিত ডিপিপি এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।	সওজ অধিদপ্তর ও ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড
৪.২ মেরিন ড্রাইভের ১ম ১.৭ কিলোমিটার ক্ষতিগ্রস্থ অংশে ফ্লাইওভার নির্মাণ	সভায় জানানো হয় যে, সী-ওয়াল ডিজাইন প্রস্তুতের কাজ চলমান রয়েছে। ডিজাইন প্রাপ্তি স্বাপেক্ষে পুনর্গঠিত ডিপিপি প্রেরণ করা হবে।	ক) ডিজাইন প্রদানকারী প্রতিষ্ঠানের সাথে সার্বক্ষনিক যোগাযোগ অব্যাহত রাখতে হবে। খ) ডিজাইন প্রাপ্তি স্বাপেক্ষে পুনর্গঠিত ডিপিপি এ বিভাগে প্রেরণ করতে হবে।	সওজ অধিদপ্তর ও ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড

৪.৩ ওয়াকওয়ে নির্মাণ প্রকল্প (কলাতলী হতে লাবনী পয়েন্ট)	সভায় অবহিত করা হয় যে, গঠিত কমিটির সভার কার্যবিবরণী সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। এ সংক্রান্ত পরবর্তী দিকনির্দেশনা সাপেক্ষে পুনর্গঠিত ডিপিপি প্রেরণ করা হবে। EIA এর অনুমোদনের জন্য কার্যক্রম চলমান রয়েছে।	ক) ডিপিপি প্রক্রিয়াকরণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) EIA অনুমোদন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	পরিকল্পনা অনুবিভাগ, সওজ অধিদপ্তর ও ৩৪ কনস্ট্রাকশন ব্রিগেড
৪.৪ লেবুখালী-রামপুর-মির্জাগঞ্জ সংযোগ সড়ক নির্মাণ	সভায় জানানো হয় যে, গত ০৬/০১/২০২০ তারিখে প্রকল্পের ডিপিপি এ বিভাগে পাওয়া গিয়েছে এবং পরবর্তী প্রক্রিয়াকরণের জন্য নথি উপস্থাপিত হয়েছে।	প্রকল্প অনুমোদন প্রক্রিয়া সম্পন্নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিকল্পনা উইং ও সওজ অধিদপ্তর
৫. বিবিধ	পরিকল্পনা কমিশনের প্রতিনিধি জানান যে, যে সকল প্রকল্প প্রস্তাবের পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে কিন্তু পুনর্গঠিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণে বিলম্ব হচ্ছে ঐ সকল পুনর্গঠিত ডিপিপি প্রস্তাবে বিলম্বের কারণ যথাযথভাবে উল্লেখ থাকা প্রয়োজন। IMED-5/2003 ছকে প্রকল্পের অঙ্গভিত্তিক মাসিক অগ্রগতির তথ্য সঠিকভাবে সন্নিবেশিত করে এ বিভাগে নিয়মিত প্রেরণ করার জন্য পুনঃনির্দেশনা দেয়া হয়।	ক) যে সকল প্রকল্প প্রস্তাবের পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে কিন্তু পুনর্গঠিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণে বিলম্ব হচ্ছে ঐ সকল পুনর্গঠিত ডিপিপি'তে বিলম্বের কারণ যথাযথভাবে উল্লেখ করতে হবে। খ) IMED-5/2003 ছকে প্রকল্পের অঙ্গভিত্তিক মাসিক অগ্রগতির তথ্য সঠিকভাবে সন্নিবেশিত করে প্রতি মাসের ০১ তারিখের মধ্যে এ বিভাগে নিয়মিত প্রেরণ নিশ্চিত করতে হবে।	সওজ অধিদপ্তর, ২৪ কনস্ট্রাকশন ব্রিগেড ও ৩৪ কনস্ট্রাকশন ব্রিগেড

৬. আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ নজরুল ইসলাম
সচিব

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৩২.১৪.০১৪.১৯.৫০

তারিখ: ১৯ মাঘ ১৪২৬
০২ ফেব্রুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (দৃ: আ: পরিচালক-৫)
২) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা
৪) সদস্য (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৫) সদস্য (ভৌত অবকাঠামো), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৬) প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর
৭) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৮) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০) ই-ইনসি ইঞ্জিনিয়ায় পরিদপ্তর, সেনা সদর, ঢাকা সেনানিবাস, ঢাকা
১১) যুগ্মসচিব (বিআরটিসি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১২) মহাপরিচালক, সদর দপ্তর ২৪ ইঞ্জিনিয়ার কনস্ট্রাকশন ব্রিগেড, ঢাকা সেনানিবাস, ঢাকা

১৩) মহাপরিচালক, সদর দপ্তর ৩৪ ইঞ্জিনিয়ার কনষ্ট্রাকশন ব্রিগেড, দামপাড়া আর্মি ক্যাম্প, চট্টগ্রাম

১৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১৬) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, ঢাকা

১৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

১৮) ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

আবদুল্লাহ-আল-মাসুদ
সিনিয়র সহকারী প্রধান